# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

## আঞ্চলিক তথ্য অফিস, রংপুর

তথ্য অধিদফতর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

## আঞ্চলিক তথ্য অফিস, রংপুর

পূর্ব পর্যটনপাড়া, টেক্সটাইল মোড়, রংপুর
pid.rangpurdiv.gov.bd

**তথ্য অধিদফতর**
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

**প্রকাশকাল : অক্টোবর ২০২৩ খ্রি.**

**উপদেষ্টা**

- মোঃ মশিউর রহমান
  উপপ্রধান তথ্য অফিসার
  আঞ্চলিক তথ্য অফিস, রংপুর

**পরিকল্পনা ও নির্দেশনায়**


- মোঃ রুপাল মিয়া
  সহকারী তথ্য অফিসার
  আঞ্চলিক তথ্য অফিস, রংপুর

**সহযোগিতায়**

- অর্জুন কুমার রায়
  তথ্য সহকারী

- মোঃ ওয়াদুদ হাসান বাঁধন
  আলোকচিত্র গ্রাহক
  এবং
- মোঃ মিজানুর রহমান
  টেলেক্স অপারেটর
  আঞ্চলিক তথ্য অফিস, রংপুর

**প্রকাশনায় :** আঞ্চলিক তথ্য অফিস, রংপুর



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# ভূমিকা

আঞ্চলিক তথ্য অফিস, রংপুর তথ্য অধিদফতরের অধীন একটি প্রচার এবং প্রচার-সমন্বয়কারী গুরুত্বপূর্ণ অফিস। ২০২১ সালের ১লা জুলাই এ অফিসের কার্যক্রম শুরু হয়। গণমাধ্যমকর্মীদের নিকট অফিসটি 'পিআইডি, রংপুর' নামে পরিচিত। সরকারের নির্ভরযোগ্য সংবাদ উৎস হিসাবে আঞ্চলিক তথ্য অফিস, রংপুর সবসময় জনকল্যাণকে অগ্রাধিকার দিয়ে সরকারি সংবাদ এবং ছবি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের জন্য সরবরাহ করে। আঞ্চলিক তথ্য অফিস, রংপুর তথ্যবিবরণী, আলোকচিত্র, প্রবন্ধ ও ফিচারের মাধ্যমে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডসহ সার্বিক কর্মকাণ্ডের তথ্য বিভিন্ন মাধ্যমের সহযোগিতায় জনগণের কাছে পৌঁছায়। আবার সরকারের কর্মকাণ্ডের ব্যাপারে জনগণের প্রতিক্রিয়া প্রেসট্রেন্ড ও প্রেস ক্লিপিং-এর মাধ্যমে সরকারের কাছে পৌঁছানো হয়। এভাবে আঞ্চলিক তথ্য অফিস, রংপুর সরকার ও জনগণের মধ্যে তথ্যের সেতুবন্ধ হিসাবে কাজ করছে।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | জনবল কাঠামো | ০৬ |
| ০২ | কার্যক্রম ও অর্জন | ০৭ |
| ০৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা | ০৮ |
| ০৪ | ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা | ০৯ |
| ০৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা | ১০ |
| ০৬ | তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা | ১১ |
| ০৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা | ১২ |
| ০৮ | সিটিজেন চার্টার | ১৩-১৪ |
| ০৯ | তথ্য অধিকার আইন, ২০০৯-এর আলোকে গৃহীত ব্যবস্থা | ১৫ |
| ১০ | ডিজিটাল ফটোকভারেজ | ১৬-২০ |
| ১১ | তথ্য বিবরণী | ২১-২৪ |
| ১২ | প্রেসট্রেন্ড | ২৫-২৮ |
| ১৩ | প্রেসক্লিপিংস | ২৯-৩০ |
| ১৪ | ফিচার | ৩১-৩২ |

# জনবল কাঠামো

| ক্র. নং | পদবি | গ্রেড | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপপ্রধান তথ্য অফিসার | ৫ম | ০১ জন | বিসিএস (তথ্য-সাধারণ) |
| ০২ | সিনিয়র তথ্য অফিসার | ৬ষ্ঠ | ০২ জন | বিসিএস (তথ্য-সাধারণ) |
| ০৩ | তথ্য অফিসার | ৯ম | ০২ জন | বিসিএস (তথ্য-সাধারণ) |
| ০৪ | সহকারী তথ্য অফিসার | ১০ম | ০২ জন | - |
| ০৫ | প্রশাসনিক কর্মকর্তা | ১০ম | ০১ জন | - |
| ০৬ | প্রধান সহকারী | ১১তম | ০১ জন | - |
| ০৭ | তথ্য সহকারী | ১১তম | ০২ জন | - |
| ০৮ | আলোকচিত্র গ্রাহক | ১১তম | ০২ জন | - |
| ০৯ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬তম | ০১ জন | - |
| ১০ | গাড়ি চালক | ১৬তম | ০১ জন | - |
| ১১ | অফিস সহায়ক | ২০তম | ০২ জন | - |
| | | মোট | ১৭ জন | - |

# কার্যক্রম ও অর্জন

| ক্র. নং | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | একক | মান | ২০২২-২৩ অর্থবছরের (জুলাই-জুন) লক্ষ্যমাত্রা | ২০২২-২৩ অর্থবছরের (জুলাই-জুন) অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সরকারের উন্নয়ন প্রচার | ১.১.১ ফিচার ও নিবন্ধ প্রকাশ | সংখ্যা | ৭ | ২০ | ২০ টি |
| | | ১.১.২ ডিজিটাল ফটোকভারেজ | সংখ্যা | ৯ | ১০০ | ২১৫ টি |
| | | ১.১.৩ তথ্যবিবরণী বিতরণ | সংখ্যা | ৯ | ৫০ | ৮১ টি |
| ০২ | গণমাধ্যমের সংবাদ সরকারের দৃষ্টি গোচরকরণ | ২.১.১ প্রেসট্রেন্ড বিতরণ | সংখ্যা | ৭ | ১০০ | ১৮৯ টি |
| | | ২.১.২ প্রেসক্লিপিংস বিতরণ | সংখ্যা | ৮ | ৪০০ | ৬৪০ টি |
| ০৩ | গণমাধ্যমের উন্নয়ন | ৩.১.১ প্রশিক্ষণ/ প্রেসব্রিফিং/ মতবিনিময় | সংখ্যা | ১৫ | ০১ | ০১ টি |
| ০৪. | জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সাংস্কৃতিক সংরক্ষণ এবং সমৃদ্ধকরণ কার্যক্রম জোরদার | ৪.১.১ ফিচার সংরক্ষণ | সংখ্যা | ৩ | ২০ | ২০ টি |
| | | ৪.১.১ ডিজিটাল ফটো সংরক্ষণ | সংখ্যা | ৩ | ১০০ | ২১৫ টি |
| | | ৪.১.১ তথ্যবিবরণী সংরক্ষণ | সংখ্যা | ৩ | ৫০ | ৮১ টি |
| | | ৪.১.১ প্রেসট্রেন্ড সংরক্ষণ | সংখ্যা | ৩ | ১০০ | ১৮৯ টি |
| | | ৪.১.১ প্রেসক্লিপিংস সংরক্ষণ | সংখ্যা | ৩ | ৪০০ | ৬৪০ টি |
| | | | মোট | ৭০ | | |

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩-এর বার্ষিক প্রতিবেদন

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৪ |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | ডিপিআইও | ৪ | ১ | ১ | ১ | ১ | ৪ | - |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | ডিপিআইও | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ডিপিআইও | ৪ | ১ | ১ | ১ | ১ | ৪ | - |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | ডিপিআইও | ২ | ১ | - | ১ | - | ২ | - |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি | উন্নত কর্ম-পরিবেশ | ৩ | সংখ্যা ও তারিখ | ডিপিআইও | ৩১/০৩/২৩ | ৩০/০৯/২২ | - | ৩১/০৩/২৩ | - | ৩০/০৯/২২<br>৩১/০৩/২৩ | - |
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েব সাইটে পকাশ | ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশিত | ৩ | তারিখ | ডিপিআইও | ৩১/০৮/২২ | ৩১/০৮/২২ | - | - | - | ৩১/০৮/২২ | - |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | ডিপিআইও | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - |
| ৩.২ শুদ্ধাচার বিষয়ক সভা আয়োজন | সভা আয়োজিত | ৮ | সংখ্যা | ডিপিআইও | ২ | - | ১ | - | ১ | ২ | - |
| ৩.৩ কর্মচারীদের যথা সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ | কর্মচারীদের যথা সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকৃত | ৮ | % | ডিপিআইও | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - |
| ৩.৪ বিদ্যুৎ, জ্বালানী ও পানির সাশ্রয়ী সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | বিদ্যুৎ, জ্বালানী ও পানির সাশ্রয়ী সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকৃত | ৮ | % | ডিপিআইও | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - |

# ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর বার্ষিক প্রতিবেদন

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | | | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | উত্তম | চলতি মান | | |
| | | | | | ১০০% | ৮০% | ৬০% | | |
| ১ | [১.১] একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরষ/ডিজিটাইজেশন বাস্তবায়ন | [১.১] একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরষ/ডিজিটাইজেশন বাস্তবায়িত | তারিখ | ১০ | ১৬/০৩/২৩ | ৩০/০৩/২৩ | ১৩/০৪/২৩ | ১৬/০৩/২৩ | একটি পাঠক কর্নার তৈরি করা হয়েছে। |
| ২ | [২.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [২.১.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | % | ১০ | ৮০% | ৭০% | ৬০% | - | এখনো ই-নথি চালানোর এক্সেস পাওয়া যায়নি |
| ৩ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | সংখ্যা | ১৫ | ৪ | ৩ | ২ | ৪ | - |
| ৪ | [৪.১] ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [৪.১.১] ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৫ | ২ | ১ | - | ২ | - |
| ৫ | [৫.১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [৫.১.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৬ | ৪ | ৩ | ২ | ৩ | - |
| | | [৫.১.২] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | তারিখ | ৪ | ১৫/০১/২৩ | ৩১/০১/২৩ | ৯/২/২৩ | ১৫/০১/২৩ | - |

# অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর বার্ষিক প্রতিবেদন

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | অর্জন | মন্তব্য |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| প্রাতিষ্ঠানিক | ১৪ | [১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ও জিআরএস সফটওয়্যারে হালনাগাদকৃত/আপলোডকৃত | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.২] নির্দিষ্ট সময়ে অনলাইনে/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | [১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৭ | ৯০ | ৮০ | ৭০ | - | কোনো অধিযোগ পাওয়া যায়নি |
| | | [১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কতৃঈক্ষ বরাবর প্রেরণ | [১.৩.১] মাসিক প্রতিবেদন প্রেরিত | % | ৩ | ৯০ | ৮০ | ৭০ | - | - |
| পরিবীক্ষণ ও সক্ষমতা অর্জন | ১১ | [২.১] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কতৃপক্ষের নিকট প্রেরণ | [২.১.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [২.২] কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | ১ | - | ২ | - |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | ১ | - | ২ | - |

# তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩-এর বার্ষিক প্রতিবেদন

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | অর্জন | মন্তব্য |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | - | - |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রাতিষ্ঠানিক | ৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০৬ | ১০০% | ৯০% | ৮০% | - | কোনো আবেদন পাওয়া যায়নি |
| সক্ষমতা অর্জন | ১৯ | [১.১] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০৪ | ৩১-১২-২২ | ১৫-০১-২৩ | ৩১-০১-২৩ | ৩১-১২-২২ | - |
| | | | | | | ৩০-০৬-২৩ | - | - | - | - |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০৩ | ১৫-১০-২২ | ৩১-১০-২২ | ৩০-১১-২২ | - | নতুন অফিস হওয়ায় বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়নি |
| | | [১.৪] তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালক ও ইন্ডেক্স তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | তারিখ | ০৩ | ৩১-১২-২২ | ১৫-০১-২৩ | ৩১-০১-২৩ | ৩১-১২-২২ | - |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০৪ | ৩ | ২ | ১ | ৩ | - |
| | | [১.৬] তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্টি বিষয়ে কর্মকতা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ০৩ | ৩ | ২ | ১ | ৩ | |
| | | [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েভসাইটের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েভসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | সংখ্যা | ০২ | ৪ | ৩ | ২ | ৪ | - |

# সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বার্ষিক প্রতিবেদন

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পদন সূচক | একক | কর্মস্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২২০২৩ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | অর্জন | মন্তব্য |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | - | - |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রাতিষ্ঠানিক | ১৮ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন | [১.১.১] কমিটি পূণর্গঠিত | সংখ্যা | ৩ | ৩ | ২ | ১ | ৩ | - |
| | | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত | % | ৪ | ৯০% | - | - | ৯০% | - |
| | | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্নয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | [১.৩.১] সভা আয়োজিত | % | ২ | ৯০ | - | - | - | অধীনস্থ দপ্তর নেই |
| | | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ( আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | [১.৪.১] হালনাগাদকৃত | | ৯ | ৪ | - | - | ৪ | - |
| সক্ষমতা অর্জন | ৭ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৩ | ২ | - | - | ২ | - |
| | | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.২.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | - | - | ২ | - |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর
<u>সেবা প্রদান প্রতিশ্রুতি/ (Citizen's Charter)</u>

## ১. রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)

### ১.১ রূপকল্প (Vision)

সরকার এবং জনগণের মধ্যে তথ্য সেতুবন্ধ স্থাপনের মাধ্যমে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সরকারের ভাবমূর্তি, নীতি ও উন্নয়নমূলক কার্যক্রম মাসমিডিয়ার মাধ্যমে প্রচার এবং সাংবাদিকদের পেশাগত কাজে সহযোগিতা প্রদান।

## ২. প্রতিশ্রুত সেবাসমূহ

### ২.১ নাগরিক সেবা

| ক্র. নং | সেবার নাম | প্রয়োজনীয় সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির স্থান | ফি/সেবার মূল্য | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তা, যার কাছে আপিল বা অভিযোগ করা যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১. | প্রেসরিলিজ, ফটোরিলিজ | ২ ঘণ্টা | সাদা কাগজে আবেদন | আঞ্চলিক তথ্য অফিস, রংপুর | বিনামূল্যে | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com |
| ০২. | প্রেসট্রেন্ড , ক্লিপিংস | ১ দিন | সাদা কাগজে আবেদন | আঞ্চলিক তথ্য অফিস, রংপুর | বিনামূল্যে | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com |
| ০৩. | ফিচার | ১০ কার্যদিবস | সাদা কাগজে আবেদন | আঞ্চলিক তথ্য অফিস, রংপুর | বিনামূল্যে | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com |
| ০৪. | তথ্য অধিকার আইন অনুসারে তথ্য সরবরাহ | আইনে নির্ধারিত সময় | নির্ধারিত ফরম (ক) | আঞ্চলিক তথ্য অফিস, রংপর | তথ্যের ধরণ ও পরিমাণ অনুসারে নির্ধারিত | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | মোঃ শাহেনুর মিয়া প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ফোন: ৫৫১০০৮১১ pio@pressinform.gov.bd |
| ০৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থার আলোকে অভিযোগ নিষ্পত্তি | আইনে নির্ধারিত সময় | নির্ধারিত ফরম (ক-১) | আঞ্চলিক তথ্য অফিস, রংপুর | বিনামূল্যে | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | মোঃ শাহেনুর মিয়া প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ফোন: ৫৫১০০৮১১ pio@pressinform.gov.bd |

## ২.২ প্রাতিষ্ঠানিক সেবা

| ক্র. নং | সেবার নাম | প্রয়োজনীয় সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির স্থান | ফি/সেবার মূল্য | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তা, যার কাছে আপিল বা অভিযোগ করা যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠানসহ গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের মিডিয়া কভারেজে সহায়তা প্রদান | ৩ কার্যদিবস | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থার চাহিদা পত্র | সংশ্লিষ্ট দফতর | বিনামূল্যে | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com |
| ০২. | SB (Special Branch) পাশের জন্য সাংবাদিকদের তালিকা সরবরাহ | ৩ কার্যদিবস | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থার চাহিদা পত্র | সংশ্লিষ্ট দফতর | বিনামূল্যে | সহকারী তথ্য অফিসার ফোন: ০২৫৮৮৮০৯০৯৬ rangpurpid@gmail.com | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com |

## ২.৩ অভ্যন্তরীণ সেবা

| ক্র. নং | সেবার নাম | প্রয়োজনীয় সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির স্থান | ফি/সেবার মূল্য | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তা, যার কাছে আপিল বা অভিযোগ করা যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১ | শ্রান্তি ও বিনোদন ছুটি (নন গেজেটেড কর্মচারীদের) | ৩ কার্যদিবস | সাদা কাগজে আবেদন, বিভাগীয় হিসাব রক্ষণ অফিসের প্রত্যয়ন | আবেদনপত্র আঞ্চলিক তথ্য অফিস, রপুর ও বিভাগীয় হিসাব রক্ষণ অফিস | বিনামূল্যে | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com | মোঃ শাহেনুর মিয়া প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা, ফোন: ০২৯৫৪৬০৯১ Piddhaka@gmail.com |
| ০২ | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি প্রদান(নন গেজেটেড কর্মচারীদের) | ৩ কার্যদিবস | বাংলাদেশ ফরম নম্বর-২৫৩৯, বিভাগীয় হিসাব রক্ষণ অফিস প্রদত্ত সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থের হিসাব | আবেদনপত্র আঞ্চলিক তথ্য অফিস, রপুর ও বিভাগীয় হিসাব রক্ষণ অফিস | বিনামূল্যে | উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর, ফোন: ০২৫৮৮৮০৯০৯৪ rangpurpid@gmail.com | মোঃ শাহেনুর মিয়া প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা, ফোন: ০২৯৫৪৬০৯১ Piddhaka@gmail.com |

# তথ্য অধিকার আইন, ২০০৯-এর আলোকে গৃহীত ব্যবস্থা

তথ্য অধিকার আইন, ২০০৯-এর আলোকে আঞ্চলিক তথ্য অফিসরের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম নিম্নে উল্লেখ করা হলো :

| ক্র. নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ০১ | কর্মকর্তা/কর্মচারীদের তথ্য | ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |
| ০২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |
| ০৩ | বহিঃবাংলাদেশ ছুটি, পাসপোর্টের (এনওসি) | ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |
| ০৪ | সিটিজেন চার্টার | ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |
| ০৫ | ফটোরিলিজ, তথ্য বিবরণী | ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |
| ০৬ | বার্ষিক ক্রয় পরিকল্পনা | ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |

আইসিটি বিষয়ক কার্যক্রম

- সিসি টিভি স্থাপন করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে।
- রংপুর আঞ্চলিক তথ্য অফিসে wifi সুবিধা রয়েছে।

# ডিজিটাল ফটোকভারেজ

| অর্থবছর | কার্যক্রম | অর্জন (সংখ্যা) |
|---|---|---|
| ২০২২-২৩ | ডিজিটাল ফটোকভারেজ | ২১৫ টি |



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে রংপুর আঞ্চলিক তথ্য অফিসের আয়োজনে শিল্পকলা একাডেমি আর্ট গ্যালারিতে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয় ।(১৫ আগস্ট ২০২২) । পিআইডি, রংপুর




বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি সহ অতিথিরা রংপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত “রংপুরে বঙ্গবন্ধু” স্যুভিনিয়র এর মোড়ক উম্মোচন করেন । ( ১৬ আগস্ট ২০২২) । পিআইডি, রংপুর




বীর মুক্তিযোদ্ধা শাহজাহান খান, এম.পি, রংপুর জেলা শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে জেলা আওয়ামী-লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন।

(শনিবার, ১০ সেপ্টেম্বর ২০২২) পিআইডি, রংপুর।



সমাজকল্যাণ মন্ত্রী নুরুজ্জামান আহমেদ রংপুর কারমাইকেল কলেজে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ছাত্রীনিবাসের উদ্বোধন করেন।

(রবিবার, ২৫ সেপ্টেম্বর ২০২২) , পিআইডি, রংপুর




মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে রংপুর শেখ রাসেল স্টেডিয়ামে কুচকাওয়াজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিভাগীয় কমিশনার মোঃ সাবিরুল ইসলাম।(শুক্রবার,১৬ ডিসেম্বর,২০২২)-পিআইডি,রংপুর



**পীরগাছা উপজেলার ছাওলা ইউনিয়নের শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। (শুক্রবার,৬ জানুয়ারি,২০২৩)- পিআইডি,রংপুর।**



রংপুর বাস টার্মিনাল চত্বরে মহানগর আওয়ামী লীগের শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতা করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ।(শনিবার,১৮ ফেব্রুয়ারি ২০২৩)-পিআইডি,রংপুর




রংপুর টাউন হল চত্বরে 'জেলা কৃষি ঋণ মেলা-২০২৩' এর উদ্বোধনী অনুষ্ঠানে কৃষকদের হাতে চেক তুলে দেন বিভাগীয় কমিশনার মোঃ সাবিরুল ইসলাম।(সোমবার,২৭ ফেব্রুয়ারি,২০২৩)-পিআইডি,রংপর।




জেলা তথ্য অফিস রংপুর আয়োজিত 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন জেলা প্রশাসক ড. চিত্রলেখা নাজনীন ।(বৃহস্পতিবার,৯ মার্চ,২০২৩)-পিআইডি,রংপুর




রংপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন-এর খসড়ার ওপর অংশীজনদের (stakeholders) নিয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ অলিউল্লাহ ।(সোমবার, ১২ জুন, ২০২৩)-পিআইডি, রংপুর ।

# তথ্য বিবরণী

| অর্থবছর | কার্যক্রম | অর্জন (সংখ্যা) |
|---|---|---|
| ২০২২-২৩ | তথ্য বিবরণী | ৮১ টি |


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর
pid.rangpurdiv.gov.bd
Email : rangpurpid@gmail.com Facebook : PID RANGPUR সংবাদকক্ষ : ০২৫৮৮৮০৯০৯৬


তথ্য বিবরণী নম্বর: ০৮

## আইসিএবি'র সিএ পেশা বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ন অবদান রাখবে

--বাণিজ্য মন্ত্রী

রংপুর, ৩০ শ্রাবণ ( ১৪ আগস্ট)ঃ

আইসিএবি'র সিএ পেশা বাংলাদেশের অর্থনীতিতে অনেক গুরুত্বপূর্ন অবদান রাখবে। বর্তমানে দেশ-বিদেশে চার্টার্ড অব অ্যাকান্টডেন্ট এর ব্যাপক চাহিদা রয়েছে। সিএ পাশ করে জব বা ফার্মের কাজে যুক্ত হলে একদিকে যেমন পারিবারিক স্বচ্ছলতা আসে অন্যদিকে চার্টার্ড অব অ্যাকান্টডেন্ট হওয়া অনেক গৌরবের বিষয়।

আজ রবিবার দুপুরে রংপুর নগরীর রায়ান্স হোটেলে দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) রংপুর আঞ্চলিক অফিসের শুভ উদ্বোধন এবং সিএ পেশার গুরুত্ব সম্পর্কে আলোচনা সভায় বানিজ্য মন্ত্রী টিপু মুনশি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বাংলাদেশে চার্টার্ড অব অ্যাকান্টডেন্টের প্রয়োজন ১২,০০০ জন। বর্তমানে আছে মাত্র ২২০০ জন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন হওয়ার পর পরই ১৯৭৩ সালে ঢাকায় প্রথম দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) প্রতিষ্ঠান চালু করেন। তাঁর সুযোগ্য কন্যা দেশনেত্রী শেখ হাসিনা বাংলাদেশের প্রতিটি বিভাগে একটি করে আইসিএবি'র আঞ্চলিক অফিস গড়ার উদ্যোগ নিয়েছেন। সিএ পড়ার জন্য আর লন্ডন/ঢাকায় যেতে হবে না রংপুর অঞ্চলেই এখন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা খুব সহজেই সিএ ভর্তির সুযোগ পাবে। তারা আইসিএবি শিক্ষা ও পরীক্ষার কার্যক্রমে আঞ্চলিক অফিসের মাধ্যমে অংশ গ্রহণের সুযোগ পাবে। তিনি সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দকে ডাক্তার, ইঞ্জিনিয়ার এর পাশা পাশি চার্টার্ড অব অ্যাকান্টডেন্ট সম্পর্কে শিক্ষার্থীদের উৎসাহিত করার আহবান জানান।

এ ছাড়াও উক্ত আলোচনা সভায় বাণিজ্য মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব শুভাশীষ বসু, আইসিএবি'র প্রেসিডেন্ট মোঃ শাহাদাৎ হোসেন এফসিএ, আইসিএবি'র ভাইস প্রেসিডেন্ট ফৌজিয়া হক এফসিএ, কাউন্সিলর মেম্বার মনিরুজ্জামান এফসিএ প্রমুখ বক্তব্য রাখেন।

=০০০=

অর্জুন/রুপাল/২০২২/২০.০০ ঘন্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর
pid.rangpurdiv.gov.bd
Email : rangpurpid@gmail.com Facebook : PID RANGPUR সংবাদকক্ষ : ০২৫৮৮৮০৯০৯৬

তথ্য বিবরণী নম্বর : ১৬

## দেশের মানুষের জীবন যাত্রার মান উন্নয়নই শেখ হাসিনার একমাত্র লক্ষ্য
---স্পিকার

রংপুর, ০৪ আশ্বিন (১৯ সেপ্টেম্বর) :

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের কৃষক, শ্রমিক ও সাধারণ খেটে খাওয়া মানুষের জন্য দেশ স্বাধীন করেছিলেন। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিভিন্ন উন্নয়ন মূলক কাজের প্রচেষ্ঠা চালিয়ে যাচ্ছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের দুস্থ ও অসহায় মানুষ এবং যারা এখনো দারিদ্র সীমার নিচে আছেন তাদেরকে নিয়ে চিন্তা করেন এবং বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে সবদিক থেকেই দেশের উন্নয়ন অব্যাহত রেখেছেন। এছাড়াও মানুষের জীবন যাত্রার মান উন্নয়নই শেখ হাসিনার একমাত্র লক্ষ্য। দেশের মানুষের জন্য বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্কুল ছাত্রীদের উপবৃত্তি, রেশন কার্ড ও গর্ভবতী মহিলাদের জন্য অনুদান চালু করেছেন এবং সামাজিক নিরাপত্তায় নগদের মাধ্যমে অনুদানের টাকা মানুষের হাতে পৌঁছায় দিতে পেরেছেন।

আজ দুপুরে পীরগঞ্জ উপজেলার শানেরহাট ইউনিয়স্থ দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে পীরগঞ্জ উপজেলাবাসীর মাঝে সেলাই মেশিন, হুইল চেয়ার, স্প্রে মেশিন ও বাই-সাইকেল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, পীরগঞ্জ উপজেলা পরিষদ অডিটোরিয়াম, একটি মডেল মসজিদ ও শতভাগ বিদ্যুতায়ন এলাকাসহ ব্যাপক উন্নয়ন করতে পেরেছি। পীরগঞ্জ উপজেলায় পর্যায়ক্রমে পনোর টি ইউনিয়ন ও একটি পৌরসভায় ৪১১ টি সেলাই মেশিন, ২০৬ টি হুইল চেয়ার, ১৫০ টি স্প্রে মেশিন, ৮১০ টি বাইসাইকেল বিতরণ করা হচ্ছে। বাইসাইকেল উপকারভোগী মেয়েরা এখন নিরাপদে যথা সময়ে স্কুলে যেতে পারবে। পীরগঞ্জবাসী মহিলাদের জন্য ভেন্ডাবাড়িতে এক কোটি টাকা ব্যয়ে সেলাই মেশিন, কম্পিউটার ও বিউটি পার্লার ইত্যাদি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন হচ্ছে। দেশের স্বল্প আয়ের মানুষের জন্য সূলভ মূল্যে খাদ্য দ্রব্য ক্রয়ের এক কোটি কার্ড প্রস্তুতের কাজ চলছে। শেখ হাসিনা দেশের উন্নয়নে একের পর এক প্রতিশ্রুতি পূরণ করে যাচ্ছেন। দেশকে উন্নত সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তুলতে তিনি সবাইকে একসাথে কাজ করার আহবান জানান।

পীরগঞ্জ উপজেলাবাসীর মাঝে সেলাই মেশিন, হুইল চেয়ার, স্প্রে মেশিন ও বাই-সাইকেল বিতরণ অনুষ্ঠানে রংপুর জেলা প্রশাসক মোঃ আসিব আহসান, রংপুর জেলা পুলিশ সুপার মোঃ ফেরদৌস আলী চৌধুরী ও বিভিন্ন নেতাকর্মী অংশ নেন।

এছাড়াও বিকালে পীরগঞ্জ উপজেলা পরিষদে যুব ক্রীড়া সংস্থা ভবনের ফলক উম্মোচন করেন এবং উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এলাকাবাসীর সাথে মতবিনিময় করেন ।

=০০০=

অর্জুন/রুপাল/ ২০২২/২২.৩০ ঘন্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর
pid.rangpurdiv.gov.bd
Email : rangpurpid@gmail.com Facebook : PID RANGPUR সংবাদকক্ষ : ০২৫৮৮৮০৯০৯৬

তথ্য বিবরণী নম্বর : ২৯

## সকল শিশুকে বিদ্যালয়মুখী করতে হবে

--মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

রংপুর, ১৫ অগ্রহায়ণ (৩০ নভেম্বর) ঃ

সকল শিশুকে বিদ্যালয়মুখী করতে হবে। সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রাথমিক শিক্ষার অবকাঠামো উন্নত করছেন এবং এ প্রচেষ্ঠা অব্যাহত আছে। বিভিন্ন বিদ্যালয়ের পুরাতন ভবন, খেলার মাঠ, টয়লেট মেরামতের কাজ চলমান রয়েছে। প্রাথমিক বিদ্যালয়সমূহে পর্যাপ্ত শিক্ষক প্রদান প্রক্রিয়া ও যুগের সাথে তাল মিলিয়ে শিক্ষকদের বিভিন্ন বিষয়ে উন্নত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে যাতে শিশুরা সুস্থ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে।

আজ রংপুর জেলা শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে জেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক আয়োজিত মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে প্রাথমিক শিক্ষার অংশীজনের সমন্বয়ে সামাজিক উদ্বুদ্ধকরণ ও মা সমাবেশ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াত এসব কথা বলেন।

তিনি আরও বলেন, কোন বিদ্যালয়ের মূল্যায়ণ ঐ বিদ্যালয়ের পাঠদান ব্যবস্থা , খেলাধুলা, অবকাঠামোগত উন্নয়ন ও সাংস্কৃতিক চর্চা ইত্যাদির উপর নির্ভর করে। শিক্ষার্থীদের উপবৃত্তি বৃদ্ধিকরণ ও যেসব বিদ্যালয়ে টিফিনের ব্যবস্থা নেই ঐসব বিদ্যালয়ে টিফিনের ব্যবস্থা করা হবে। শিক্ষকদের সততা, নিষ্ঠা ও আনন্দের সাথে পাঠদান করতে হবে। শিক্ষার মান উন্নয়নে পরামর্শ দেওয়া কিংবা অন্যায় কাজ দেখলে প্রয়োজনে অবিভাবকদের প্রতিবাদ করতে হবে।

উক্ত মা সমাবেশে রংপুর জেলা প্রশাসক মোঃ আসিব আহসান সভাপত্বির বক্তব্যে, মায়েদেরকে শিশুদের শিক্ষার পাশাপাশি খেলাধুলা, ব্যায়াম ও পুষ্টি জাতীয় খাবার খাওয়ানোর পরামর্শ দেন এবং বিদ্যালয় ও সমাজের উন্নয়নমূলক কাজে অংশীদার হওয়ার আহবান জানান।

অনুষ্ঠানে বিভিন্ন উপজেলা থেকে আগত অভিভাবকগণ তাদের মতামত ব্যক্ত করেন।

এছাড়াও জেলা পুলিশ সুপার মোঃ ফেরদৌস আলী চৌধুরী, প্রাথমিক শিক্ষা রংপুর বিভাগের বিভাগীয় উপপরিচালক(ভারপ্রাপ্ত) মোঃ মুজাহিদুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

=০০০=

অর্জুন/রুপাল/ ২০২২/১৯.০০ ঘন্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর
pid.rangpurdiv.gov.bd
Email : rangpurpid@gmail.com Facebook : PID RANGPUR সংবাদকক্ষ : ০২৫৮৮৮০৯০৯৬

তথ্য বিবরণী নম্বর : ৩৯

# বাংলাদেশে তৈরী বাইসাইকেল এখন ইউরোপের দেশগুলোতে জনপ্রিয়

-- বাণিজ্যমন্ত্রী

রংপুর, ৩০ অগ্রহায়ণ (১৫ ডিসেম্বর) :

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এমপি বলেন, বাংলাদেশে তৈরী বাইসাইকেল এখন ইউরোপের দেশগুলোতে জনপ্রিয়। দেশ এগিয়ে চলছে। দেশে একরপর এক দেশি-বিদেশী কলকারখানা গড়ে উঠছে। দেশে এখন আন্তর্জাতিক মানের পণ্য উৎপাদিত হচ্ছে। তৈরী পোশাকের পাশাপাশি আইসিটি, চামড়া, পাট, প্লাস্টিক এবং লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য রপ্তানির উপর বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। বাংলাদেশের লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য বাইসাইকেল ইউরোপীয় ইউনিয়নসহ উন্নত বিশ্বের অনেক দেশে বেশ জনপ্রিয়। এ সেক্টরের গুরুত্ব অনেক বেড়ে গেছে। আমাদের অভ্যন্তরীণ বাজারে বাইসাইকেলের বড় চাহিদা রয়েছে। বিদেশ থেকে বাইসাইকেল আমদানি করে এ চাহিদা পূরণ করা হচ্ছে। আশা করা যায়, প্রাণ-আরএফএল গ্রুপ আমাদের অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে বিদেশে বাইসাইকেল রপ্তানি করে দেশের মুখ উজ্জল করবে। বাণিজ্যমন্ত্রী আজ রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলায় আরএফএল গ্রুপের বাইসাইকেল ফ্যাক্টরি উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

বাণিজ্যমন্ত্রী আরও বলেন, রংপুর অঞ্চল একসময় অবহেলিত ছিল। মঙ্গায় মানুষ কষ্ট পেতো। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগের ফলে রংপুর অঞ্চলে এখন আর মঙ্গা নেই। রংপুরের মানুষ শিল্পে কাজ করার সুযোগ পাচ্ছে। কিছু দিনের মধ্যে রংপুরে গ্যাস সরবরাহ শুরু হবে। তখন আরও কলকারখানা গড়ে উঠবে, মানুষের কর্মসংস্থান সৃষ্টি হবে। দেশের বিভিন্ন স্থানে প্রাণ-আরএফএল গ্রুপের কলকারখানা গড়ে উঠছে। দেশের অর্থনীতি মজবুত করতে আরএফএল গ্রুপ অবদান রাখছে। দেশের শিল্প উন্নয়নে সরকার সবধরনের সহযোগিতা প্রদান করছে।

এছাড়াও মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু আমাদের একটি স্বাধীন দেশ দিয়ে গেছেন। দেশের মানুষের অর্থনৈতিক মুক্তির জন্য তাঁরই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার কাজ করে যাচ্ছে। যে গতিতে দেশ এগিয়ে যাচ্ছে, সে গতি অব্যাহত থাকলে ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। এ উদ্দেশ্যকে সামনে রেখে সরকার কাজ করে যাচ্ছে।

প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী আহসান খান চৌধুরী এর সভাপতিত্বে দুরন্ত নামে বাজারজাত হওয়া প্রাণ-আরএফএল গ্রুপের উৎপাদিত বাইসাইকেল এর ফ্যাক্টরি উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় সংসদের বিরোধী দলীয় চিফ হুইপ রংপুর-১ আসনের সংসদ সদস্য মসিউর রহমান রাঙ্গাঁ, বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ পুলিশের রংপুর রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক মোহা. আবদুল আলীম মাহমুদ, এফবিসিসিআই এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোস্তফা আজাদ চৌধুরী বাবু, রংপুরের জেলা প্রশাসক ড. চিত্রলেখা নাজনীন, রংপুর জেলা পুলিশ সুপার মো. ফেরদৌস আলী চৌধুরী এবং আরএফএল গ্রুপের ব্যাবস্থাপনা পরিচালক আরএন পাল।

উল্লেখ্য, প্রাণ-আরএফএল গ্রুপ রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলায় ৭০ হাজার বর্গফুট এর এ কারখানায় বিনিয়োগের পরিমাণ প্রায় ৬০ কোটি টাকা। এটি প্রাণ-আরএফএল গ্রুপ এর দ্বিতীয় বাইসাইকেল ফ্যাক্টরি। প্রাণ-আরএফএল গ্রুপে উৎপাদিত বাইসাইকেল বর্তমানে বিশ্বের ১৫টি দেশে রপ্তানি করা হচ্ছে। ২০১৪ সালে প্রাণ-আরএফএল গ্রুপ হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জে প্রথম বাইসাইকেল ফ্যাক্টরি চালু করে।

এর আগে সকালে বাণিজ্যমন্ত্রী রংপুর জেলার কাউনিয়া উপজেলার ৫ নং বালাপারা ইউনিয়ন পরিষদের সামনে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর মাধ্যমে দেশের এক কোটি নিম্ন আয়ের মানুষর মধ্যে ভর্তুকি মূল্যে চিনি, মশুরডাল এবং সয়াবিন তেল এর মাসিক বিক্রয় কার্যক্রম এর উদ্বোধন করেন। এ সময় বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ এবং রংপুরের জেলা প্রশাসক ড. চিত্রলেখা নাজনীন, কাউনিয়া উপজেলা চেয়ারম্যান ও কাউনিয়া আওয়ামীলীগ এর সভাপতি আনোয়ারুল ইসলাম মায়া বক্তব্য রাখেন।

বাণিজ্যমন্ত্রী পরে কাউনিয়া উপজেলার সরকারি কর্মকর্তাদের সাথে মত বিনিময় করেন।

রুপাল/অর্জুন ২০২২/১৯.০০ ঘন্টা

# প্রেসট্রেন্ড

| অর্থবছর | কার্যক্রম | অর্জন (সংখ্যা) |
|---|---|---|
| ২০২২-২৩ | পেসট্রেন্ড | ১৮৯ টি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর

## সংবাদ গতিধারা-২৬

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় সারসংক্ষে, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্ত সার**

রংপুর, রবিবার, ২৮ আগস্ট ২০২২

**০১। অর্থনৈতিক অংশীদারি চুক্তিতে যাচ্ছে বাংলাদেশ ও ভারত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আসন্ন ভারত সফর সমন্বিত অর্থনৈতিক অংশীদারি চুক্তি(সেপা) করতে যাচ্ছে বাংলাদেশ ও ভারত। তাঁর এ সফরে দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক পাচ্ছে বিশেষ গুরুত্ব। সফর নিয়ে দুই দেশে চলছে শেষ মূহুর্তেও প্রস্তুতি। সূত্র-যুগের আলো

**০২। রংপুরে পাটের দাম ভাল পাওয়ায় কৃষকরা খুশি**

রংপুর অঞ্চলে পাটের ফলন ও দাম ভাল হওয়ায় কৃষকরা খুশি। প্রথমদিকে পানির জন্য পাট ঠিক মতো জাগ দিতে না পারলেও শেষ পর্যন্ত কৃষকরা ভালভাবেই ফসল ঘরে তুলে তা বাজারজাত করতে পারছেন। সূত্র- যুগের আলো

**০৩। মাধ্যমিক ক্লাস বাড়ছে একটি কমবে সময় : রূপরেখা চূড়ান্ত**

মেডিক্যাল কলেজ বাদে সব শিক্ষাপ্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি দুদিন হওয়ায় নতুন করে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর সময়সূচি চূড়ান্ত করতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। এ বিষয়ে আগামী সপ্তাহেই জারি করা হবে প্রজ্ঞাপন। এরই মধ্যে নতুন সময়সূচির রূপরেখা চূড়ান্ত করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। আজ রোববার তা প্রস্তাব আকারে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠাবে। সূত্র-আমাদের প্রতিদিন

**০৪। রংপুরে এবার খড়ি বিক্রিতেও লাভবান সোনালি আঁশে ফিরেছে কৃষকের হাসি**

এক সময় পাট বিদেশে রপ্তানি করে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হতো। তবে সেই সোনালি দিন এখন না থাকলেও রংপুরে বাড়ছে পাটের চাষ। এ ছাড়া চলতি বছর পাটের দাম ভালো পাওয়ায় হাসি ফুটেছে কৃষকের মুখে। সূত্র-প্রতিদিনের বার্তা

# সম্পাদকীয়

**০১। যুগের আলো : রোহিঙ্গা প্রত্যাবাসনের সমাধান কোন পথে ?**

নানা কারণে রোহিঙ্গা প্রত্যাবাসনের অগ্রগতি অনেকটা থেমে গেছে। রোহিঙ্গাদের অনিশ্চিত যাত্রা পাঁচ পেরিয়ে এখন ছয় বছরে পড়ল। কিন্তু এ সময়ে তাদের একজনকেও মিয়ানমারে তাদের জন্মভূমিতে ফেরত পাঠানো যায়নি। শুধু তাই নয়, কৌশলে বাংলাদেশের পাসপোর্ট করে বিদেশে পাড়ি দেয়ার মতো অপরাধে যুক্ত হয়ে পড়েছে রোহিঙ্গারা। ডাকাতি, ইয়াবা ও অস্ত্রেও কারবারে জড়িয়ে পড়েছে তাদের অনেকে। রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর জোরালো চাপ রাখতে আন্তর্জাতিক মহলের সঙ্গে কূটনৈতিক প্রক্রিয়া নতুন করে শুরু করতে হবে।

**০২। প্রথম খরব : বেকার সমস্যা রোধ করা প্রয়োজন ।**

প্রতি বছর শ্রমবাজারে কাজ প্রত্যাশী ২০/২২ লাখ তরুণ-যুবক আসে যাদের মাত্র দুই লাখের মতো কর্মসংস্থান রাষ্ট্র করতে পারে। এরপর সাত থেকে ১০ লাখ মানুষ পাড়ি জমায় বিদেশে কাজ করতে। আর বাকিরা দেশে কোনমতে কাজ খুঁজে নেওয়ার চেষ্টা করে। দেশের সার্বিক উন্নয়ন অব্যাহত রাখতে বেকার সমস্যা রোধ করার পাশাপাশি জ্বালানি সংকট ও তেলগ্যাস সহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধ করা জরুরি।

**০৩। দাবানল: পন্য আমদানিতে খুঁজতে হবে বিকল্প দেশ**

ওাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতি পুরো বিশ্বকে গভীর সংকটে ফেলে দিয়েছে। এর প্রভাব বিশ্বজুড়ে মূল্যস্ফীতি পাল্লা দিয়ে বাড়ছে। সাথে সাথে যুক্ত হয়েছে আমদানি-রপ্তানিরসহ ডলার সংকট। এতে দুর্ভোগ দিনি দিন বাড়ছে বৈ কমছে না। এ পরিস্থিতিতে প্রয়োজনীয় পণ্যসামগ্রী আমদানির ক্ষেত্রে অন্যান্য দেশকেও বিকল্প হিসেবে রাখার পরিকল্পনা রাখতে হবে। এজন্য যথাযথ পদক্ষেপ গ্রহণে আমরা সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানাই।

-০০০-

রুপাল/মিজান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর।

## সংবাদ গতিধারা-৩৩

**স্থানীয় দৈনিক পত্রিকা সমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্ত সার**

রংপুর, বুধবার, ০৭ সেপ্টেম্বর ২০২২

**০১। ঢাকা ও নয়াদিল্লীর মধ্যে ৭টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারতে চার দিনের সরকারি সফরের দ্বিতীয় দিনে ঢাকা ও নয়াদিল্লীর মধ্যে ৭টি সমঝোতা স্বাক্ষর স্বাক্ষরিত হয়েছে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে তিনি এ সফর করেছেন। উভয় দেশের প্রধানমন্ত্রীদের উপস্থিতিতে বাংলাদেশ ও ভারতের মধ্যে এ সমঝোতা স্মারকগুলো স্বাক্ষরিত হয়। সূত্র-যুগের আলো, পরিবেশ।

**০২। জ্বালানি ব্যয় সাশ্রয়ে দেশের খনিগুলো থেকে কয়লা উত্তোলনের উদ্যোগ**

জ্বালানি ব্যয় সাশ্রয়ে দেশের খনিগুলো থেকে কয়লা উত্তোলনের উদ্যোগ নিচ্ছে সরকার। বর্তমানের শুধুমাত্র দিনাজপুরের বড়পুকুরিয়া খনি থেকেই কয়লা উত্তোলন করা হয়। কিন্তু চলমান জ্বালানি সংকটের প্রেক্ষাপটে ব্যয় সাশ্রয়ে এখন ঐ খনিগুলো থেকে কয়লা উত্তোলন শুরুর পরিকল্পনা করছে সরকার। সূত্র-যুগের আলো

**০৩। শিগগিরই তিস্তা চুক্তি স্বাক্ষরিত হবে - আশা প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্ককে প্রতিবেশী কূটনীতির রোল মডেল বলে অভিহিত করে আশা প্রকাশ করেছেন, বন্ধুত্ব ও সহযোগিতার মনোভাব নিয়ে সমাধান করা অন্যান্য অনেক সমস্যার মতোই তিস্তা পানি বন্টন চুক্তিসহ সকল অমীমাংসিত সমস্যা শিগগিরই সমাধান হবে। সূত্র-যুগের আলো, আমাদের প্রতিদিন, দাবানল

# সম্পাদকীয়

**০১। যুগের আলো : সামুদ্রিক প্রাণী রক্ষায় উদ্যোগী হতে হবে।**

একের পর এক তিমি ও ডলফিনের মৃতদেহ ভেসে আসছে সৈকতে। সর্বশেষ কুয়াকাটা সমুদ্র সৈকতে ভেসে আসে একটি অর্ধগলিত তিমি ও একটি ডলফিন। ধারণা করা হচ্ছে মাসখানেক আগে প্রাণীগুলোর মৃত্যু হয়েছে এবং ভাসতে ভাসতে এগুলো কুয়াকাটা সৈকতে চলে এসেছে। বিশেষজ্ঞরা জানান, প্লাস্টিকদুষণ সামুদ্রিক প্রাণীদের মৃত্যুর বড় কারণ হয়ে উঠেছে।

**০২। আমাদের প্রতিদিন, পরিবেশ : রেলে অব্যবস্থাপনা-দুর্নীতি। কার্যকর পদক্ষেপ নিতে হবে।**

রেল খাতকে সেবামূলক বলা হলেও কতটুকু সেবা পাওয়া যায় তা নিয়ে প্রশ্ন থেকেই যায়। অথচ সেবার নামে চলা এ খাতে প্রতিবছর আয়ের চেয়ে প্রায় পাঁচগুণ বেশি ব্যয় হচ্ছে। জানা গেছে বিগত ১৩ বছরে রেলে প্রায় ৮৪ হাজার কোটি টাকার উন্নয়ন হয়েছে। পাশাপাশি উন্নয়ন প্রকল্পন চলমান রয়েছে আরও প্রায় পৌনে ২ লাখ কোটি টাকার নতুন রেলপথ ও স্টেশন নির্মান ছাড়াও ইতোমধ্যে অত্যাধুনিক লোকোমোটিভসহ ১৪২টি নতুন ট্রেন রেলবহরে যুক্ত হয়েছে। এছাড়া বিদ্যমান ৪৪টি ট্রেনরুট বর্ধিত করা হয়েছে।

**০৩। দাবানল: প্রধানমন্ত্রীর ভারত সফর। সম্পর্কের বন্ধন দৃঢ় হোক।**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে চার দিনের রাষ্ট্রীয় সফরে গতকাল নয়াদিল্লি গেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিন বছর পর দ্বিপক্ষীয় সফরে তিনি ভারতে গেলেন। স্বাভাবিকভাবেই এই সফর ঘিরে সংশ্লিষ্ট মহলে ব্যাপক আগ্রহ তৈরি হয়েছে। কারণ রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সৃষ্ট নতুন বিশ্ব পরিস্থিতিতে এই সফর আঞ্চলিক ও অর্থনৈতিক ক্ষেত্রে নতুন একটি অধ্যায়ের জন্ম দিতে যাচ্ছে বলে পর্যবেক্ষক মহলের ধারণা।

-০০০-

রুপাল/অর্জুন/মিজান

# প্রেসক্লিপিংস

| অর্থবছর | কার্যক্রম | অর্জন (সংখ্যা) |
|---|---|---|
| ২০২২-২৩ | প্রেসক্লিপিংস | ৬৪০ টি |


দৈনিক আখিরা

THE DAILY AKHIRA

রংপুর ॥ মঙ্গলবার ॥ ১৬ মে ২০২৩ ইং





## রংপুরে গুজব প্রতিরোধ ও উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক মতবিনিময়

মহানগর প্রতিনিধি ঃ রংপুরে "গুজব প"তিরোধ ও উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা" শীর্ষক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুর জেলা প"শাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি), আয়োজিত সভায় প"ধান অতিথি হিসেবে উপস্িত ছিলেন জেলা প"শাসক ড. চিত্রলেখা নাজনীন,বিশেষ অতিথি হিসেবে উপস্িত ছিলেন পুলিশ সুপার মোঃ ফেরদৌস আলী চৌধুরী ।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিআইডি উপপ"ধান তথ্য অফিসার মোঃ মশিউর রহমান । এসময় বক্তব্য রাখেন রংপুর প্রেস কাবের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাজ্জাদ হোসেন বাপ্পি , সিটি প্রেস কাবের, সাধারন সম্পাদক হুমায়ুন কবির মানিক,সাংবাদিক মেরিনা লাভলি প্রমুখ ।

উপস্িত বিভিন্ন ইলেকট"নিক ও পি"ন্ট মিডিয়ার সাংবাদিকদের সমন্বয়ে এই সভায় গুজব কি, এর উদ্দেশ্য, গুজব কিভাবে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে >> ২য় পৃষ্ঠায় দেখুন

ব্যঘাত তৈরি করে বিভিন্ন দিক তুলে ধরে আলোচনা হয়। এর পক্ষে-বিপক্ষে সাংবাদিকগণও বিভিন্ন যুক্তি উপস্াপন করে। জেলা প"শাসক ও পুলিশ সুপার তাদের বক্তব্যে, মিথ্যা সংবাদ পরিবেশন থেকে বিরত থাকতে সকল সাংবাদিকদের বিনীত অনুরোধ জানান। এসময় পি"ন্ট ও ইলেকট"নিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ সহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্িত ছিলেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, রংপুর।

নম্বর: ৫১৬

তারিখ: ১৫/০৬ /২০২৩খ্রি.

পত্রিকার নাম: দৈনিক প্রথম খবর

# পশু চিকিৎসকের নামে হাতুড়ে চিকিৎসকের ছড়াছড়ি

স্টাফ রিপোর্টার

গাইবান্ধায় প্রাণিসম্পদ অফিস ও ভেটেরিনারি হাসপাতালের সাব প্রাণিসম্পদ কল্যাণ কেন্দ্র থাকলেও সেই সব কেন্দ্র কোনো সাধারণ মানুষের কাজে আসছে না। সুন্দরগঞ্জ উপজেলার বামনডাঙ্গা ইউনিয়নে অবস্থিত প্রাণিসম্পদ কল্যাণ কেন্দ্রের (কৃত্রিম প্রজনন পয়েন্ট) বেহালদশা ও চিকিৎসা ব্যবস্থা নেই। কয়েক বছর ধরে এ সাব প্রাণিসম্পদ অফিসের বেহালদশা থাকায় চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে এলাকাবার শতশত হাঁস-মুরগি ও গবাদিপশুর খামারিগণ। জরাজীর্ণ অবকাঠামো, প্রয়োজনীয় উপকরণ, ঔষধ ও জনবল সংকটের কারণেই কয়েক বছর ধরেই নিমজ্জিত হয়ে পড়ে আছে সরকারি এ প্রাণিসম্পদ" কল্যাণ কেন্দ্রটি। উপজেলার শুধু বামনডাঙ্গা ইউনিয়নেই তালিকাভুক্ত গরুর খামার রয়েছে ৬০ টিরও বেশি। এছাড়া ব্যক্তিগত ভাবে আরও ছোট বড় প্রায় ১৫০টির বেশি হাঁস মুরগি,গরু, ছাগল ও ভেড়ার খামার রয়েছে। বর্তমান সরকার যখন দেশকে দারিদ্র্য মুক্ত করতে ছাগল পালন, হাঁস মুরগীর খামার, গবাদী পশু পালনের জন্য জনসাধারণকে আগ্রহী করে প্রশিক্ষণ দিচ্ছে, ঠিক সেই সময়ে সরকারি প্রাণিসম্পদ অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের অসচেতনতা ও অবহেলায় যেন আগ্রহ হারাতে বসেছে পশু পালনকারীরা। নষ্ট হচ্ছে এ সাব প্রাণিসম্পদ কল্যাণ কেন্দ্রের জরাজীর্ণ ভবন ও সরঞ্জামাদি। প্রয়োজনীয় জনবল ও দেখভালের অভাবে এ প্রাণিসম্পদ কল্যাণ কেন্দ্রটির কার্যক্রম না থাকায় ভূতুরে বাড়ীতে পরিণত হয়েছে। এলাকাবাসী বলেন, উপজেলার ১৫টি ইউনিয়ন ও বাকি অংশ ২য় পাতায়..

একটি পৌরসভা মধ্যে ১টি সাব প্রাণিসম্পদ কল্যাণ কেন্দ্র রয়েছে। এক সময় প্রতিদিন গড়ে ১০০ থেকে ১৫০ জন কৃষক কৃত্তিম প্রজনন, ছাগলের ঠান্ডা কাশিসহ বিভিন্ন ধরণের সেবা নিতে আসতো। এখন কেন্দ্রটির ব্যবহার না থাকায় গ্রামের হাতুড়ে চিকিৎসকদের শরণাপন্ন হতে হচ্ছে খামারিদের। সরকারী সেবার এ দৈন্যদশার সুযোগে প্রাণিসম্পদ চিকিৎসকের নামে হাতুড়ে চিকিৎসকের ছড়াছড়ি হয়েছে। তাদের হাতে গলাকাটা সেবার শিকার হচ্ছে সাধারণ খামারিরা। খামারি শাহজাহান মিয়া বলেন, আগে এ কেন্দ্র থেকে খামারের গবাদিপশুদের চিকিৎসা সেবাসহ বিভিন্ন পরামর্শ দেওয়া হতো। গত কয়েক বছর থেকে এটি বন্ধ থাকায় সরকারি সেবা থেকে বঞ্চিত সাধারণ মানুষ। যার কারণে বিভিন্ন হাতুড়ে চিকিৎসকদের শরণাপন্ন হতে হচ্ছে। কেন্দ্রটি পুনরায় চালু করলে সরকারি সেবা ফিরে পাবো। বামনডাঙ্গা ইউনিয়নের সেবাদানকারী (এলএসপি) শরিফুল ইসলাম লিটন বলেন, এ কেন্দ্রে এক সময় খামারিদের চিকিৎসা দিতে হিমশিম খেত কর্তব্যরত কর্মকর্তাগণ। এখন সেবাকেন্দ্রটি পরিচালনার দায়িত্বে কেউ নেই। নেই সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় চিকিৎসা সরাঞ্জাম। ফলে সাধারণ মানুষ ছুটে চলছে হাতুড়ে চিকিৎসকের কাছে এবং হরহামেশা প্রতারিত হচ্ছে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ফজলুল করিম বলেন, বামনডাঙ্গা ইউনিয়নের সাব প্রাণিসম্পদ কল্যাণ কেন্দ্রটি ওই এলাকার অধিকাংশ মানুষের পশু পাখির চিকিৎসার এক মাত্র ভরসা ছিল। তবে গত কয়েক বছর ধরে সেটির সেবা কার্যক্রম বন্ধ রয়েছে। কেন্দ্রটি জেলা পরিষদের জায়গায় অবস্থিত। ভবনটি যদি পুলিশ তদন্ত কেন্দ্রের ভিতর থেকে ভেঙ্গে অন্য কোথাও নির্মাণ করাসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ সুদৃষ্টি দেয় তাহলে কেন্দ্রটি পুনরায় চালু রাখা সম্ভব।

# ফিচার

| অর্থবছর | কার্যক্রম | অর্জন (সংখ্যা) |
|---|---|---|
| ২০২২-২৩ | ফিচার ও নিবন্ধ প্রকাশ | ২০ টি |

দৈনিক দাবানল
প্রতিষ্ঠাতা: বীর মুক্তিযোদ্ধা খন্দকার গোলাম মোস্তফা বাটুল
Dainik Dabanol
মহান মুক্তিযুদ্ধের মুখপত্র
WEDNESDAY বুধবার
রংপুর ২৩ নভেম্বর ২০২২ ০৮ অগ্রহায়ণ ১৪২৯ বাংলা
প্রকাশনার ৫২ বছর ২৭ রবিঃ সানি ১৪৪৪ হিজরী

পিআইডি ফিচার

## জন্ম নিবন্ধনে থাকে যেন সঠিক জন্মদিন

রুপাল মিয়া

জসিম সাহেব দীর্ঘদিন পর একদিন তার নিকট আত্মীয়ের বাড়ি বেড়াতে যান। সবার সাথে কথা-বার্তা বলার সময় একটি ছেলেকে দেখতে পেয়ে জসিম সাহেব তার আত্মীয়ের কাছে ছেলেটির সম্পর্কে জানতে চান। তার আত্মীয় বলেন, ও আমার ছেলে। তারপর জসিম সাহেব আত্মীয়ের ছেলেকে তার নাম ও কোন শ্রেণিতে পড়েতা জিজ্ঞেস করেন। আত্মীয়ের ছেলে বলে, আমার নাম রেজাউল ইসলাম এবং আমি চতুর্থ শ্রেণিতে পড়ি। জসিম সাহেব একটু অবাক হয়ে তার আত্মীয়কে বলেন, ছেলে চতুর্থ শ্রেণিতে পড়ে! তার শারিরীক গঠন দেখে তোমনে হচ্ছে সে মাধ্যমিকে পড়ে। এই কথা শুনে জসিম সাহেবের আত্মীয় ছেলের বয়স কমানোর কথাটা তাকে জানিয়ে দিলেন। জসিম সাহেব বলেন, এটা আপনি ঠিক করেন নি। এর ফলাফল অনেক সময় নেতিবাচক হতে পারে। কোন শিশুই নাম নিয়ে জন্ম গ্রহণ কওে না। একটি শিশু জন্ম নেয়ার পর থেকে অনেকে বলে অমুকের ছেলে কিংবা মেয়ে সন্তান জন্ম নিয়েছে। অর্থাৎশিশুটি মা-বাবার পরিচয়ে পরিচিত হয়। কিন্তু এই পরিচয়ই একটি শিশুর জন্য যথেষ্ট নয়। এজন্য নবজাতকের একটি নাম ও জাতীয়তা নিশ্চিত করতে প্রয়োজন জন্ম নিবন্ধন। এর মাধ্যমে সরকারি খাতায় শিশুটির নাম অন্তর্ভূক্ত হয়। শুধু তাই নয় শিশুর লিঙ্গ, জন্ম তারিখ, স্থান, মা-বাবার নাম, তাদেও জাতীয়তা ও স্থায়ী ঠিকানা অন্তর্ভূক্ত হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী শিশুর জন্মেও ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করতে হয়। তবে এই নির্দিষ্ট সময়ের মধ্যে নিবন্ধন করতে না পারলেও পরবর্তীতে নিবন্ধন করার সুযোগ আছে। আমাদের দেশের অনেকে জসিম সাহেবের আত্মীয়ের মত এই সুযোগটার অপব্যবহার করে শিশুর বয়স কমিয়ে জন্ম নিবন্ধন করে থাকেন। তাদেও ধারণা বয়স কমিয়ে জন্ম নিবন্ধন করলে তারা ভবিষ্যতে অনেক সুবিধা পাবেন। শিশু চালাক-চতুর হয়ে বিদ্যালয়ে ভর্তি হলে পড়ালেখায় ভালো করতে পারবে। আবার চাকুরির ক্ষেত্রে বয়সের সুবিধা নিতে পারবে। এমনকি অনেকে সঠিক সময়ে জন্ম নিবন্ধন না করে বিদ্যালয় ভর্তির সময় জন্ম নিবন্ধে শিশুর বয়স কমিয়ে দিয়ে থাকে। যদিও জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনে এভাবে জন্ম নিবন্ধন করার সুযোগ নাই। জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন না কওে পরবর্তীতে টিকার কার্ড ব্যবহার করে জন্ম নিবন্ধন করা যায়। তবে অনেকেটি কার কার্ড হারিয়ে গেছে বলে ডাক্তারের কাছ থেকে সার্টিফিকেট নিয়েজন্ম নিবন্ধন করে থাকে। কিন্তু ভবিষ্যতের একটু সুবিধার আশায় আমরা কত বড় যে ভুল করছি তা অনেকেই ভেবে দেখিনা। জন্ম-মৃত্যুর ফায়সালা একমাত্র সৃষ্টিকর্তাই করে থাকেন। সৃষ্টিকর্তা কোন না কোন উদ্দেশ্যেই একটি নির্দিষ্ট দিনে একটি শিশুকে পৃথিবীতে পাঠিয়ে থাকেন। কিন্তু তার বয়স কমানো সৃষ্টি কর্তার উদ্দেশ্যেও উপর এক রকম হস্তক্ষেপ করার সামিল। অর্থাৎ আমরা বলতে পারি তার জন্মই প্রতারণা দিয়ে শুরু হয়। আমরা অনেক সময় ভুলেই যাই যে, শিশুর বয়স কমিয়ে বিদ্যালয়ে ভর্তি করা হলেও তার শারিরীক ও মানসিক বৃদ্ধি কখনো থেমে থাকে না। শারিরীক গঠনগত ও প্রকৃত বয়সের দিক থেকে যে শ্রেণিতে থাকার কথা সে যদি তার থেকে নিচের শ্রেণিতে থাকে এটা সবার কাছেই দৃষ্টি কটু লাগে। তাছাড়া শারিরীক পরিবর্তনের সাথে যদি সে নিজেকে মানসিক ভাবে খাপ খাইয়ে নিতে না পারে তা হলে অনেক সময় লক্ষ্য ভ্রষ্ট হয়ে যেতেও পারে। জসিম সাহেবের আত্মীয়ের ছেলে পড়ালেখা শেষ নাকরেই বিয়ে কওে সাংসারিক জীবন যাপন শুরু করে। এর পর আর সে পড়ালেখায় মনোযোগ দিতে পারেনি। বাংলাদেশে জসিম সাহেবের আত্মীয়ের ছেলের মত হাজার ছেলে-মেয়ে এভাবে নিজের জীবনকে বয়সের সাথে খাপ খাইয়ে নিতে না পেওে ভবিষ্যতটাকে উজ্জ্বল করতে পারছে না। তাই অভিভাবকদেও অবশ্যই এ বিষয়ে আরও সচেতন হতে হবে। এছাড়াও সঠিক সময়ে জন্ম নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে সরকারি ও বেসরকারি ভাবে বেশি বেশি প্রচার-প্রচারণা করতে হবে যাতে কেউ কিছু পাওয়ার আগেই সব হারিয়ে না ফেলে।

*লেখক: সহকারী তথ্য অফিসার আঞ্চলিক তথ্য অফিস, রংপুর।*

আমাদের প্রতিদিন
THE DAILY AMADER PROTIDIN

বৃহস্পতিবার ২২ ডিসেম্বর ২০২২ইং, ০৭ পৌষ ১৪২৯

পিআইডি ফিচার

# বেকার সমস্যা দূরীকরণে আউটসোর্সিং এর ভূমিকা

**অর্জুন কুমার রায়**



মুজাহিদ প্রত্যন্ত গ্রামের একজন মধ্যবিত্ত পরিবারের বড় সন্তান। বাবা প্রাক্তন স্কুল শিক্ষক মা গৃহিনী। বাবার পেনশনে চার ভাই বোনের লেখা-পড়াসহ পরিবার কোন রকম কষ্টে দিন পার করছে। পরিবারে অসচ্ছলতা থাকা সত্ত্বেও বাবা মুজাহিদকে অনেক কষ্টে স্নাতক পর্যন্ত লেখা-পড়া করান। স্নাতক পাশ করে সে চাকুরির জন্য অনেক চেষ্টা করেও কোথাও কোন চাকুরির ব্যবস্থা করতে পাচ্ছে না। এদিকে মুজাহিদ ছাড়া পরিবারের হাল ধরার মত উপযুক্ত কেউ নেই। বাবা দিন দিন অসুস্থ হয়ে পড়ছে। মুজাহিদের বেকার জীবন তাকে দুর্বিষহ করে তুলছে।

বেকারত্ব যেমন জীবনের জন্য অভিশাপস্বরুপ তেমনি জাতীয় জীবনে বিরাট বোঝা। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে বেকারত্বের প্রভাব অতি ভয়ংকর। দেশের যুব সমাজের বড় একটি অংশ বেকার। এদের মধ্যে শিক্ষিত বেকার যুবকের সংখ্যাও অনেক। দীর্ঘদিন ধরে বেকার থাকার ফলে তাদের মনে হতাশার সৃষ্টি হয়। বেকার মানুষ নানা অপকর্মে নিজেকে জড়িয়ে ফেলে এই কারনে পরিবেশ ও আইনশৃঙ্খলার অবনতি ঘটে এবং সামাজিক মূল্যবোধের অবক্ষয় হয়। যার প্রভাব পড়ে পরিবার ও দেশের উপর। যে যুবসমাজের দেশের অর্থনৈতিক চাকা সচল রাখার কথা সে যুব সমাজ কর্মের অভাবে ধুকে ধুকে দিন কাটাচ্ছে। বেকার মানুষকে প্রতিবেশী, বন্ধু-বান্ধব, আত্মীয় স্বজন কেউ মূল্যায়ন করে না। আবার অসচ্ছল পরিবারে বেকারকে পেতে হয় লজ্জা ও হীনতা। এমতবস্থায় মুজাহিদ কি করবে বুঝতে পারছে না।

আত্মবিশ্বাস হারিয়ে হতাশায় বসে মোবাইলে ফেসবুক স্ক্রোল করতে গিয়ে হঠাৎ দেখলো বাংলাদেশ সরকার লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় শিক্ষিত বেকার যুবকদের আউটসোর্সিং বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার নোটিশ প্রকাশ করেছে। দেশের বেকার যুবকদের আত্মকর্মসংস্থান করার লক্ষ্যে লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট নামক প্রকল্প চালু হয়েছে। টিএমএসএস এনজিও এর সহযোগিতায় ২০১৪ সালে প্রকল্পটি যাত্রা শুরু করে। প্রথম এর নাম ছিল বাড়িতে বসে বড়লোক। দেশের তরুণ-তরুণীকে আউটসোর্সিং বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করে মানবসম্পদে উন্নয়নের লক্ষ্যে আইসিটি বিভাগের অধীনে লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় প্রফেশনাল আউটসোর্সিং ট্রেনিং প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রথম দফায় ১৩ হাজার জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। দ্বিতীয় দফায় ৪০ হাজার জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ কার্যক্রমে ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট, গ্রাফিক্স ডিজাইন এবং ডিজিটাল মার্কেটিং বিষয়ে ফাউন্ডেশন এবং স্পেশালাইজড প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণকালে হাতে কলমে আউটসোর্সিং বিষয়ে প্রকল্পভিত্তিক কাজ করার সুযোগ আছে। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য একযোগে দেশব্যাপী প্রশিক্ষণার্থীদের অনলাইন রেজিষ্ট্রেশন ও প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য অনলাইনে পরীক্ষার ব্যবস্থা রয়েছে।

লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সম্পূর্ণ সরকারি অনুদানে ৫০ দিন ব্যাপী (২০০ ঘন্টা) প্রফেশনাল আউটসোর্সিং ট্রেনিং এর জন্য নিবন্ধন চলছে। ইতিপূর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের মাধ্যমে মেধাবী প্রশিক্ষণার্থীদের বিনামূল্যে ল্যাপটপ বিতরণ করা হয়েছে।

বর্তমানে আইসিটি এবং অক্সফোর্ড ইন্টারনেট ইনস্টিটিউটের তথ্য অনুযায়ী বাংলাদেশ ফ্রিল্যান্সিংয়ে বিশ্বে দ্বিতীয়। দেশে এখন প্রায় ছয় লক্ষ পঞ্চাশ হাজার নিবন্ধিত ফ্রিল্যান্সার রয়েছে। যার মধ্যে পাঁচ লক্ষ ফ্রিল্যান্সার নিয়মিত কাজ করে বার্ষিক প্রায় দশ কোটি ডলার আয় করে দেশের জিডিপিতে প্রায় ৬.৯৪ শতাংশ অবদান রাখছে।

মুজাহিদ অনলাইনে লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের অধীন ওয়েব সাইটে ডিজিটাল মার্কেটিং বিষয়ে রেজিষ্ট্রেশন করে অনলাইনে পরীক্ষায় পাশ করে প্রশিক্ষণ শুরু করে। প্রশিক্ষণ চলাকালে সে ফাইবার ও ফ্রিল্যান্সার মার্কেটপ্লেজে গিগ খুলে প্রতিদিন রাতভর অনুশীলন করতে থাকে। প্রশিক্ষণ গ্রহণ চলা কালেই সুইজারল্যান্ডের এক বায়ার তাকে মাত্র ৫ ডলারে ফেসবুক পেজ ও টুইটার পেজ খোলার ছোট একটা কাজ দেয়। সে অনেক কম সময়ে নিখুতভাবে কাজটি করে দেয় এবং বায়ারের কাছে ৫ ডলার পেমেন্ট পেয়ে খুবই আনন্দিত হয়। এভাবেই একের পর এক কাজ পেতে থাকে আর তাকে পিছনের দিকে তাকাতে হয় নাই। মুজাহিদের পরিবারে আর্থিক স্বচ্ছলতা এসেছে। এখন তার মাসিক আয় ৬০০ থেকে ৭০০ ডলার। গ্রামের সবাই তাকে নিয়ে এখন গর্ব করে। মুজাহিদের কাছে গ্রামের শতাধিক তরুণ-তরুণীরা প্রশিক্ষণ, সঠিক নির্দেশনা পেয়ে অনেকে আউটসোর্সিং পেশায় স্বাবলম্বী হয়েছে। সে এখন শুধু ফ্রিল্যান্সার নয় একজন সফল উদ্যোক্তা। মুজাহিদের প্রত্যন্ত গ্রাম এখন স্মার্ট গ্রামে রুপান্তিত হয়েছে। কারো যদি প্রচেষ্টা থাকে তাহলে এলইডিপি কোর্স করে যে কেউ সফল হতে পারে।

২০৪১ সালে বাংলাদেশকে উন্নত রাষ্টের কাতারে নিয়ে যেতে হলে আমাদের আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে প্রযুক্তিগত শিক্ষায় এগিয়ে যেতে হবে। লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পটি আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বাংলাদেশের বেকার সমস্যা দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

*লেখক : তথ্য সহকারী, আঞ্চলিক তথ্য অফিস, রংপুর।*